

সাম্প্রদায়িকতা বিরোধী জোট CAC (Coalition Against Communalism) গুজরাতের গাঁধীনগরস্থ স্বামীনারায়ণ মন্দির অক্ষরধাম-এ পূণ্যার্থী ও দর্শনার্থীদের উপর সন্ত্রাসী আক্রমণের তীব্র নিন্দা জানায়। এই মর্মান্তিক ঘটনায় হতাহত সাধারণ মানুষ ও আইন রক্ষাকারী সংস্থার সদস্যদের পরিবারসমূহের প্রতি আমাদের গভীর সমবেদনা জানাই এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য আইন রক্ষাকারী সংস্থার তাৎক্ষণিক তৎপরতার জন্য কর্তৃপক্ষকে সাধুবাদ জানাই।

ভারতের রাষ্ট্রপতি এ পি জে আবদুল কালাম যথার্থই বলেছেন, হিংসার প্রবক্তারা ভারতের ধর্মনিরপেক্ষ কাঠামো ধ্বংস করতে চায়। সন্ত্রাসের কোন যৌক্তিকতা থাকতে পারে না, এবং বর্তমান মুহূর্ত হচ্ছে সম্মিলিত বেদনায় একতাবদ্ধ হওয়ার মুহূর্ত – প্রাণহানি ও একটি পবিত্র স্থানের অসম্মান আমাদের সকলকেই শোকাহত করেছে। ডঃ কালামের ভাষায়, ‘আমাদের জাতীয় সভ্যতার ঐতিহ্য এবং আমাদের দেশবাসীর সহিষ্ণুতা আমাদের মহান রাষ্ট্র কে উজ্জীবিত ও আলোকিত করেছে, তার বিরুদ্ধে সকল হীন চক্রান্ত আমাদের সকলের ঐক্যবদ্ধ হয়ে নস্যাৎ করতে হবে।’ গত দু’বছর ধরে গুজরাতের মানুষ প্রাকৃতিক ও মানবসৃষ্ট বিপর্যয়ে জর্জরিত হয়েছেন। অক্ষরধামের সন্ত্রাসী আক্রমণের কাঙ্ক্ষিত লক্ষ্য কিছুতেই বাস্তবায়িত করতে দেওয়া চলবে না।

আমরা রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে শান্তিরক্ষা ও সকল নাগরিকের প্রাণরক্ষায় দায়িত্ব পালনের আহ্বান জানাই। সাম্প্রদায়িক হানাহানির পুনরাবৃত্তি শুধু অক্ষরধামে হতাহত মানুষের অপমান নয়, এটি হবে ভারতের বিরুদ্ধে দেশদ্রোহিতা। যারা এই সমস্ত সন্ত্রাসী কর্মকাণ্ডে অংশ নিয়েছে বা তাদের মদত দিয়েছে, তাদের সত্ত্বর ও ন্যায় বিচার নিশ্চিত করে যেন আইনের শাসনের প্রতি আস্থা পুনঃপ্রতিষ্ঠিত করা হয়, সে ব্যাপারে দৃঢ় পদক্ষেপ নেওয়ার জন্য আমরা রাজ্য ও কেন্দ্রীয় সরকারের প্রতি আহ্বান জানাই।

গুজরাতের মানুষকে শান্তি, তাদের ঐতিহ্য ও ভবিষ্যৎ রক্ষা করার জন্য তৎপর হতে হবে। গুজরাতকে পুনরায় হিংসায় উন্মত্ত হতে দেওয়া যাবে না।

CAC statement/ Bengali version (edited)